

চাঁদের আধুলি

অসহ্য দহনবেলা। ফুল্ল - হাওয়া নেই অপরাহে
ডাকল কী মৃদুস্বরে প্রিয় গ্রীষ্মছাদ!

উড়ে এলো হাল্কা ঝাঁট, আমি খুলে দেবো রিবনের---
গোপন জাল ফিতে। এ আঙুল জানে --
মোহাচ্ছন্ন বাতাসের স্মিত খাজুরোহো চিত্রকলা
নাভিকুন্ডের ভেতরে নীল অগ্নিশিখা
আমার পলাশ হাতে চিত্রার্পিত হতে পারে নভে।
কোথায় নভ মণ্ডল! বাকি থেকে যায় পরিভ্রমা!

পার হয়ে বহুদ্রোশ অন্য গ্রহান্তরে
যাবার আগেই চলো একবার ঘুরে আসি গ্রামে
ঘাসের মাথায় হাত রেখে মেখে নিই ধুলোরেণু
পায়ে পায়ে বহে যায় বিরহগোধূলি...

অসহ্য দহনে ফোটা কো একা কৃষ্ণচূড়া স্নান
ছাদের কার্নিশে রাখি চাঁদের আধুলি।

অমলেন্দু ঝাস

